দৈনিক জনকণ্ঠ

তারিখ 12 APR 2017
পৃষ্ঠা ৩৫ কলাম ৪

# ভিসিহীন বঙ্গবন্ধু কৃষি বিশ্ববিদ্যালয় ॥ বেতনহীন শিক্ষক-কর্মচারী

**স্টাফ রিপোর্টার, গাজীপুর ॥** গাজীপুরের বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয় উপাচার্যহীন চলছে ২০ মার্চ থেকে। এতে বিশ্ববিদ্যালয়ের শিক্ষা কার্যক্রম, অর্থনৈতিক কর্মকাণ্ড ও উন্নয়নমূলক কার্যক্রমসহ নানা কার্যক্রমে অনেকটাই স্থবিরতা দেখা দিয়েছে। এদিকে উপাচার্য পদে নিয়োগকে কেন্দ্র করে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-কর্মকর্তাদের মাঝে কিছুদিন ধরে অসন্তোষ-কোন্দল দেখা দিয়েছে। এদিকে ভিসির স্বাক্ষর ছাড়া বেতন বিলে কারও স্বাক্ষরের অনুমতি না থাকায় শিক্ষক-কর্মকর্তা-কর্মচারীরা বেতন তুলতেও পারছেন না। বিশ্ববিদ্যালয়ের অর্ধশতাধিক শিক্ষক এক বিবৃতিতে বলেন, ভিসি মাহবুবর রহমানের চার বছরের মেয়াদ শেষ হয় গত ১৯ মার্চ। তার মেয়াদ শেষ হওয়ার পর ওই প্রতিষ্ঠানে তিনি শিক্ষার্থীদের শিক্ষাদানে যুক্ত হন। তার স্থলে এখনও কোন ভিসি নিয়োগ হয়নি। এতে গত ২০ মার্চ থেকে এখনও ওই বিশ্ববিদ্যালয়টি চলছে ভিসিহীনভাবে। বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ বিভাগের উপ-পরিচালক মাহফুজুল আলম জানান, প্রতিমাসের প্রথম দিনে বেতন ভাতা উত্তোলন করা গেলেও বর্তমানে ভিসি না থাকায় এবং বেতন বিলে ভিসির বিকল্প কারও স্বাক্ষরের অনুমতি না থাকায় মঙ্গলবার পর্যন্ত বেতন-ভাতা উত্তোলন করা সম্ভব হয়নি। এদিকে বিশ্ববিদ্যালয়ে গিয়ে জানা গেছে, ভিসি পদে নিয়োগ পেতে কয়েকজন শিক্ষক বিভিন্ন মহলে লবিং শুরু করেন। সদ্যবিদায়ী উপাচার্য মাহবুবর রহমান ও সাবেক উপাচার্য আবদুল মান্নান আকন্দ তাদের মধ্যে রয়েছেন। এছাড়াও উপাচার্য হওয়ার জন্য সাবেক ট্রেজারার অধ্যাপক গিয়াস উদ্দিন মিয়া, ছাত্রকল্যাণ পরিচালক অধ্যাপক মোফাজ্জল হোসেন এবং অধ্যাপক এআরএম সোলাইমানের নামও শোনা যাচ্ছে।

ব্যানবেইস
প্রাপ্তি নং
তারিখ
পি.এ.
কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর